

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
১৯৬/২, হাউজিং এস্টেট,  
উপশহর, রাজশাহী।  
www.cevrajshahi.gov.bd

ক্ষুদ্র-খুচরা ব্যবসায়ী ও অন্যান্য ব্যবসায়ী কর্তৃক মূসক প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর অধিক্ষেত্রভুক্ত রাজশাহী, পাবনা, বগুড়া, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ ও জয়পুরহাট জেলার অধিক্ষেত্রাবীন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত “বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র-খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৫” এর মাধ্যমে ক্ষুদ্র-খুচরা ব্যবসায়ীদের ক্ষেত্রে নিম্নোক্তভাবে এলাকাভিত্তিক মোট মূল্য সংযোজনের ভিত্তিতে ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ নির্ধারণ করা হয়েছেঃ

ক্রঃ নং	যে সকল এলাকার জন্য প্রযোজ্য	সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ	মূল্য সংযোজন করের হার	প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
১	ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	১,৮৬,৬৬৭/- টাকা	১৫%	২৮,০০০/- টাকা
২	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	১,৩৩,৩৩৪/- টাকা	১৫%	২০,০০০/- টাকা
৩	জেলা শহরের পৌর এলাকা	৯৩,৩৩৪/- টাকা	১৫%	১৪,০০০/- টাকা
৪	দেশের অন্যান্য এলাকা	৪৬,৬৬৭/- টাকা	১৫%	৭,০০০/- টাকা

সকল ক্ষুদ্র-খুচরা ব্যবসায়ীদের উল্লিখিত হারে মূসক প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

যেসকল ব্যবসায়ী উক্ত ক্ষুদ্র ব্যবসায়ীর আওতায় পড়েন না অর্থাৎ যাদের বার্ষিক মূল্য সংযোজন বা বার্ষিক টার্নওভার বেশি সে সকল ব্যবসায়ীগণ বর্ণিত প্রজ্ঞাপনের আলোকে নিম্নরূপ পদ্ধতিতে মূসক প্রদান করতে পারেনঃ

- (১) প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর প্রদান (রেয়াত পদ্ধতি) : যে কোন ব্যবসায়ী প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরে মূল্য ঘোষণা প্রদান করে ঘোষিত বা নিরূপিত মূল্যের উপর ১৫% হারে মূসক প্রদান করবেন। উল্লেখ্য, এরূপভাবে কর প্রদানকারী ব্যবসায়ীগণ ক্রীত বা সংগৃহীত উপকরণের উপর পরিশোধিত মূসক উপকরণ কর হিসাবে রেয়াত গ্রহণ করতে পারবেন;
- (২) নির্ধারিত হারে মূল্য সংযোজন পদ্ধতিঃ যে কোন ব্যবসায়ী ক্রয়মূল্যের সাথে ২৬.৬৭% মূল্য সংযোজন করে নিরূপিত মূল্যের উপর ৪% হারে মূসক প্রদান করতে পারেন। তবে সুপারশপ, ঔষধ ও পেট্রোলিয়াম জাতীয় পণ্যের ব্যবসায়ী পর্যায়ে সরবরাহের সময় মূল্য সংযোজনের হার যথাক্রমে ২৬.৬৭%, ১৬% ও ১৩.৩৩% গণনা করে তার উপর ১৫% অর্থাৎ সরবরাহ মূল্যের উপর যথাক্রমে ৪%, ২.৪% ও ২% হারে মূসক প্রদেয়। উল্লেখ্য এরূপ কর নিরূপনের ক্ষেত্রে মূল্য ঘোষণার আবশ্যিকতা নেই এবং এক্ষেত্রে কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাবে না।

☛ মূসক সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ : সদর দপ্তর : ০৭২১-৮৬১১০৫, রাজশাহী বিভাগ : ০৭২১-৭৭২৩৩০, পাবনা বিভাগ : ০৭৩১-৬৬৩১২, বগুড়া বিভাগ : ০৫১-৬১৪৭৩, নাটোর বিভাগ : ০৭৭১-৬২৩৪১, নওগাঁ বিভাগ : ০৭৪১-৮১২৫৯, সিরাজগঞ্জ বিভাগ : ০৭৫১-৬৫০৮১, চাঁপাইনবাবগঞ্জ বিভাগ : ০৭৮১-৫২২২৯, জয়পুরহাট বিভাগ : ০৫৭১-৬২৯৮৮। e-mail : cevraj93@yahoo.com.

  
(আব্দুল মান্নান শিকদার)  
কমিশনার

o/c

০৭২১-৭৬১০০১।

E-mail: cevraj93@yahoo.com